

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরী

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

নং-০৫.৪৫.৭২০০.০০৫.৪০.০০১.২৩-৯৬৬

তারিখঃ ১ অগ্রহায়ণ ২০২৩ বঙ্গাব্দ
১৬ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

অনলাইনে মনোনয়নপত্র দাখিল সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য সময়সূচি প্রকাশ করেছেন। উক্ত সময়সূচি অনুযায়ী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ আগামী ৩০ নভেম্বর ২০২৩ রোজ বৃহস্পতিবার। সম্ভাব্য যোগ্য ব্যক্তিগণ মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ বা তার পূর্বে যে কোন দিন অনলাইনে বা ফরম-১ এ সরাসরি মনোনয়ন দাখিল করবেন।

২। মনোনয়নপত্র দাখিল: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ৬৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের বিধান অনুসারে যোগ্য ব্যক্তিগণ অনলাইনে বা ফরম-১ সরাসরি মনোনয়নপত্র দাখিল করবেন। নিম্নে বর্ণিত যথাযথ প্রক্রিয়ায় অনলাইনে পূরণ করে সাবমিট করতে হবে;

১) অনলাইনে মনোনয়নপত্র দাখিল: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের (৩) দফার (খ) উপদফার বিধান এবং নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর ৩বিধির (১)(খ), (২) ও (৩) উপবিধি অনুসারে অনলাইনের মাধ্যমে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে:

ক) অনলাইনে মনোনয়নপত্র দাখিলের জন্য নির্বাচনের যোগ্য ব্যক্তিগণকে বাংলাদেশ নির্বাচন কমিশনের অফিসিয়াল ওয়েবসাইটে www.ecs.gov.bd গিয়ে অনলাইনে মনোনয়নপত্র দাখিল লিংকে ক্লিক করতে হবে অথবা সরাসরি মনোনয়নপত্র দাখিলের ওয়েবসাইটে <https://onss.ecs.gov.bd> যেতে হবে। ওয়েব পোর্টালে প্রবেশ করে মনোনয়নপত্র দাখিল ইচ্ছুক ব্যক্তির নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি এবং নির্বাচনি এলাকার নম্বর ও নাম এন্ট্রি করে মনোনয়নপত্রের জন্য রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের পর মনোনয়নপত্র দাখিল ইচ্ছুক ব্যক্তি একটি ইউজার নেইম ও পাসওয়ার্ড পাবেন। প্রাপ্ত ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করে মনোনয়নপত্র ডাউনলোড করতে পারবেন।

খ) ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করে প্রার্থী নিজের মনোনয়নপত্র এবং সংশ্লিষ্ট কাগজপত্র স্ক্যান করে পিডিএফ আকারে দাখিল করতে পারবেন।

গ) উল্লিখিত পদ্ধতিতে মনোনয়নপত্র দাখিলের পর প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে স্বয়ংক্রিয়ভাবে এসএমএস-এর মাধ্যমে দাখিলের বিষয়টি নিশ্চিত হবেন।

ঘ) রিটার্নিং অফিসার অনলাইনে প্রাপ্ত প্রত্যেকটি মনোনয়নপত্রে ক্রমিক নং প্রদান করে উক্ত ক্রমিক নম্বরসহ মনোনয়নপত্রের পঞ্চম খণ্ডে প্রার্থীর নাম, দাখিলের তারিখ ও সময় এবং বাছাইয়ের স্থান, তারিখ ও সময় মনোনয়নপত্রের পঞ্চম খণ্ডে উল্লেখপূর্বক স্বাক্ষর ও সীলমোহর প্রদান করে পিডিএফ আকারে প্রার্থীকে ইমেইলে প্রেরণ করবেন।

ঙ) অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্রে সংশ্লিষ্ট কাগজপত্রাদির মূল কপি মনোনয়নপত্র বাছাইয়ের জন্য নির্ধারিত দিনে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করতে হবে।


উল্লেখ্য যে, নেত্রকোণা জেলার ৫টি সংসদীয় আসনের [১৫৭, নেত্রকোনা-১ (দুর্গাপুর, কলমাকান্দা), ১৫৮, নেত্রকোণা-২ (নেত্রকোণা সদর, বারহাট্টা), ১৫৯, নেত্রকোণা-৩ (আটপাড়া, কেন্দুয়া), ১৬০, নেত্রকোণা-৪ (মোহনগঞ্জ, মদন, খালিয়াজুরী), ১৬১, নেত্রকোণা-৫, (পূর্বধলা)] সম্ভাব্য যোগ্য ব্যক্তিগণ উপরের নির্দেশনা অনুসরণ করে আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখ বা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন দিনে অনলাইনে মনোনয়নপত্র দাখিল করতে পারবেন।

তারিখঃ ১ ৬ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর

(শাহেদ পারভেজ)
জেলা প্রশাসক, নেত্রকোণা
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :-

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৪। পুলিশ সুপার, নেত্রকোণা।
- ৫। জেলা নির্বাচন অফিসার, নেত্রকোণা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার..... (সকল), নেত্রকোণা (তাকে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৭। সিনিয়র জেলা তথ্য অফিসার, নেত্রকোণা (তাকে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। উপজেলা নির্বাচন অফিসার..... (সকল), নেত্রকোণা।
- ৯। সভাপতি/ সম্পাদক, নেত্রকোণা প্রেসক্লাব, নেত্রকোণা।
- ১০। নোটিশ বোর্ড.....।


জেলা প্রশাসক, নেত্রকোণা
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন